

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৩৬/২০১৩

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ০৬/০৪/২০১৩খ্রিঃ।

২৩ চৈত্র, ১৪১৯ বাংলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ নং-২৫, তারিখ-১০/০৩/২০১৩ইং সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

এম রহমান

উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ নং-২৫

তারিখঃ ১০/৩/২০১৩খ্রিঃ

দীর্ঘদিন ধরে কার্যক্রম বন্ধ আছে এই ধরনের সিএন্ডএফ লাইসেন্স ব্যবহার করে কিছু অসাধু ব্যক্তি রাজস্ব ফাঁকিসহ বিভিন্ন ধরনের জালিয়াতির প্রচেষ্টা চালাচ্ছেন। এ ধরনের জাল-জালিয়াত প্রতিরোধের স্বার্থে এখন থেকে ৯০ (নব্বই) দিন বা তদুর্ধ্ব সময় যে সকল সিএন্ডএফ লাইসেন্স ব্যবহার করে কোন কার্যক্রম পরিচালনা করা হবে না সেই সকল লাইসেন্স সাময়িকভাবে কম্পিউটার সিস্টেমে স্বয়ংক্রিয়ভাবে বন্ধ (Auto Lock) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। অটো লককৃত উল্লিখিত সিএন্ডএফ এজেন্টের কার্যক্রম শুরুর জন্য নিম্ন বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করতে হবেঃ

- (ক) সিএন্ডএফ এজেন্টের মালিক তাঁর আওতাধীন কাস্টম সরকারের নাম/নামসমূহ (কার্ড নম্বরসহ) উল্লেখ পূর্বক সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর একটি আবেদন করবেন; এ আবেদনপত্রে মালিকের এবং সকল কাস্টম সরকারের হাল-নাগাদ ছবি এবং স্বাক্ষর থাকবে।
- (খ) লাইসেন্স শাখা উল্লিখিত তথ্য যাচাই বাছাই পূর্বক নথিতে রেকর্ডভুক্ত করে প্রযোজ্য ক্ষেত্রে লাইসেন্সিং বিধিমালা মোতাবেক লাইসেন্স নথি হাল-নাগাদ করবেন।
- (গ) লাইসেন্স শাখা হতে সংশ্লিষ্ট লাইসেন্সিং নথি মতামতসহ অপারেশন ম্যানেজার বরাবর অধ্যয়ন করা হবে। নথি পাওয়ার পর Assycuda ++ অপারেশন ম্যানেজার সংশ্লিষ্ট এআইএন আনলক করে দেবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

স্বাক্ষরিত/-

(মোঃ মাসুদ সাদিক)

কমিশনার অব কাস্টমস্

কাস্টম হাউস, চট্টগ্রাম।

ফোন নং-০৩১-৭১৩৯১৮

নথি নং-এস ১৫-২৫/বিবিধ এআইএন লক/লাইঃ/৭০/২৪২(৭)- কাস

তারিখঃ ১০/০৩/২০১৩খ্রিঃ।

পৃষ্ঠা নং- ৩৭